

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৯৯.০৫১.২৩ নথির বিষয়: Renovation of staff Wash room, Staff Room, Pump test Electrical room under F.M.D-2,DWASA

নোট: ১ নোটের বিষয়: Renovation of staff Wash room, Staff Room, Pump test Electrical room under F.M.D-2,DWASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৭/২৩ ৭:৫২ অপরাহ্ন

এফ. এম বিভাগ-২ এর অধীনে মডুস সার্কেল-২ অর্থাৎ মডুস জোন-৪/৫/৮/৯/১০ এর ৬৫৬ টির অধিক গভীর নলকূপে পাম্প মোটর স্থাপন/প্রতিস্থাপন, ডেলিভারী লাইনের অন্যান্য যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়ে থাকে। অত্র বিভাগের অফিস বিল্ডিং (একতলা) অনেক পুরাতন। যাতে একতলা অফিস শাখা, মেশিনশপ, স্টোর, কমপ্লেইন সেন্টার রয়েছে। উক্ত বিল্ডিং এর বৈদ্যুতিক ওয়্যারিং ব্যবস্থা বেশ পুরাতন হওয়াতে বিদ্যমান ওয়্যারিং এর পিভিসি চ্যানেলগুলো নষ্ট হয়ে বর্তমানে বিভিন্ন স্থানে বৈদ্যুতিক তার ঝুলন্ত অবস্থায় আছে। তাছাড়া চ্যানেল বিহীন নতুন সংযোগ নেয়ায় কর্মকর্তাদের বিভিন্ন কক্ষে ঝুঁকিপূর্ণভাবে তার ঝুলে আছে। বিভিন্ন কক্ষের লাইট ও ফ্যান পয়েন্ট পরিবর্তন সহ পিয়ানো সুইচ, গ্যাং সুইচ, ওপিন সকেট ও সুইচিং বোর্ড পরিবর্তন করা প্রয়োজন। তাছাড়া এফ এম বিভাগ-২ এর পাম্প টেস্ট করার রুম ইলেকট্রিক লাইনগুলির সুইচ, সকেট ও চ্যানেল নতুন করে ওয়্যারিং করা অতি জরুরী প্রয়োজন। কিছু কিছু রুমের লাইট, ফ্যান নষ্ট হওয়ায় নতুনভাবে ওয়্যারিং করে লাইট ও ফ্যান পয়েন্ট স্থাপন করা প্রয়োজন। এছাড়া স্টাফদের জন্য ব্যবহৃত টয়লেটটির বিভিন্ন জায়গার প্লাস্টার, টাইলস, বেসিন নষ্ট হওয়ায় তা ব্যবহার অনুপযোগী পড়েছে। তাই স্টাফ টয়লেটটি নতুন করে সংস্কার করা জরুরী প্রয়োজন। বিভিন্ন কক্ষ ও ওয়েল্ডিং শেড, স্টোর শেড, স্টোর রুম, অভিযোগ কেন্দ্র, কর্মচারীদের বসার কক্ষের সুইচ, সকেট ও চ্যানেলের ওয়্যারিং খারাপ থাকায় লাইট/ ফ্যান ব্যবহার করা যায় না। তাছাড়া বিদ্যমান ওয়্যারিং এর বেশ কয়েকটি পয়েন্টে শর্ট সার্কিট হয়ে তার পুড়ে যাওয়ায় নতুনভাবে পিভিসি চ্যানেলের ভিতর দিয়ে ওয়্যারিং স্থাপন করতঃ সম্পূর্ণ কম্পাউন্ডের ওয়্যারিং ব্যবস্থা রেকিটিফিকেশন করা প্রয়োজন। যে সকল স্থানে তার ঝুলে আছে সেখানে পিভিসি চ্যানেল/ পিভিসি ফ্লেক্সিবল পাইপ দ্বারা কনসিল ওয়্যারিং করতে হবে। সেকারনে বর্ণিত কাজগুলো করার লক্ষে পিডব্লিউডি রোট সিডিউল দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৪,৯৮,৭০০.৮৭৭/- (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত দশমিক আট সাত সাত মাত্র) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার অফিস রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-০২ প্যাকেজ নং-পি.ডব্লিউ -০২ এ LTM (e-GP) তে অর্ন্তভুক্ত করা আছে। উল্লেখ্য উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ১। অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।

২। ২। পিডব্লিউডি রোট সিডিউল দরের কপি।

৩। ৩। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৭/২৩ ৭:৫৩ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র LTM (e-GP) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৭/২৩ ৭:৫৩ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Renovation of staff Wash room, Staff Room, Pump test Electrical room under F.M.D-2,DWASA কাজের লক্ষে উপস্থাপিত মোট= ৪,৯৮,৭০০.৮৭৭/- (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত দশমিক আট সাত সাত মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) এ দরপত্র আহবান করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

১৭/৭/২৩ ৭:৫৪ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

১৭/৭/২৩ ৮:০৯ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

১৭/৭/২৩ ৯:০৮ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

১৯/৭/২৩ ২:০২ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৯/৭/২৩ ২:০২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৭/২৩ ৬:৩৭ অপরাহ্ন

অনুমোদিত



২৫/৭/২৩ ৬:৩৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৫/৭/২৩ ৭:১৬ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



২৫/৭/২৩ ৯:০১ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২



২৬/৭/২৩ ১০:৫৪ পূর্বাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা